

উপপরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২-২৩)

সভা এর কার্যবিবরণীঃ

সভার তারিখঃ ১২ জুলাই ২০২২ খ্রিঃ

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য ভবন, বরিশাল।

সভার সময়ঃ বিকাল ৩.৩০ ঘটিকা।

সভাপতিঃ জনাব আনিছুর রহমান তালুকদার, বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর “পরিশিষ্ট-ক” তে সংরক্ষিত।

সভার শুরুতেই বিভাগীয় নৈতিকতা কমিটির সভাপতি ও বিভাগীয় উপপরিচালক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সকলকে তাদের স্ব স্ব অধিক্ষেত্রে নৈতিকতার সর্বোচ্চ মানদণ্ড বজায় রেখে বিদ্যমান বিধিবিধান মেনে দায়িত্ব পালনের আহবান জানান। সহকারী পরিচালক জানান যে, জেলা মৎস্য কর্মকর্তাগণকে সংযুক্ত করে “DoF, Barishal (DD, DFO Sirs AD)” নামে Whats App গ্রুপ তৈরী করলে উপপরিচালক মহোদয় জরুরী প্রয়োজনে একই সাথে জেলা মৎস্য কর্মকর্তাগণের সাথে দ্রুত কথা বলতে পারবেন এবং সার্বিক যোগাযোগ সহজতর হবে। তিনি আরও জানান যে, আসন্ন পোনা অবমুক্তি কার্যক্রম ২০২২-২৩ স্বচ্ছ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে পোনা অবমুক্তির কমপক্ষে এক সপ্তাহ আগে উপপরিচালক মহোদয়কে সিডিউল প্রেরণ প্রয়োজন। সভায় বরিশাল বিভাগের মৎস্য অধিদপ্তরের নিয়মিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কী কী বিষয়গুলোতে সতর্ক থাকতে হবে এবং বিভাগীয় কার্যালয় থেকে কিভাবে এগুলো স্বচ্ছ ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য সহযোগিতা করা যায় সে বিষয়গুলোতে বিস্তারিত আলোচনা হয়।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

১। জেলা মৎস্য কর্মকর্তাগণকে সংযুক্ত করে (DoF, Barishal (DD, DFO Sirs AD) নামে Whats App গ্রুপ তৈরী করা করা হবে। যেখানে উপপরিচালক জরুরী প্রয়োজনে একই সাথে জেলা মৎস্য কর্মকর্তাগণের সাথে দ্রুত কথা বলতে পারবেন। এবং সার্বিক যোগাযোগ সহজতর হবে।

২। পোনা অবমুক্তি কার্যক্রম ২০২২-২৩ স্বচ্ছ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে পোনা অবমুক্তির কমপক্ষে এক সপ্তাহ আগে উপজেলা সমূহ জেলার মাধ্যমে উপপরিচালক, বরিশাল বরাবরে সিডিউল প্রেরণ করবে।

বাস্তবায়নঃ

১। সহকারী পরিচালক জেলা মৎস্য কর্মকর্তাগণকে সংযুক্ত করে (DoF, Barishal (DD, DFO Sirs AD) নামে Whats App গ্রুপ তৈরী করবে।

২। উপজেলাসমূহ সংশ্লিষ্ট পোনা অবমুক্তির সিডিউল জেলাসমূহে এবং জেলাসমূহ একীভূত সিডিউল বিভাগীয় দপ্তরে প্রেরণ করবে।

সর্বপরি যার যার অধিক্ষেত্রে সকলে যেন সর্বোচ্চ নৈতিকতা ও শুদ্ধাচারের যথাযথ বাস্তবায়ন করতে পারে সে বিষয়ে বিভাগীয় ও জেলা কর্মকর্তাদের সর্বোচ্চ সহযোগিতার বিষয়টি জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আনিছুর রহমান তালুকদার)

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

তারিখঃ ১২ জুলাই ২০২২ খ্রিঃ

পত্র নং- ৩৩.০২.০০০০.৩০৬.৬৯.০০১.১৪ -৬৭২/২(ক)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

২। জেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল জেলা)।

৩। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল উপজেলা)।

৪। খামার ব্যবস্থাপক (বরিশাল বিভাগের সকল মৎস্যবীজ উৎপাদন খামার)।

৫। অফিস নথি।

উপপরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২-২৩)

সভায় উপস্থিত সদস্যদের তালিকা

সভার তারিখঃ ১২ জুলাই ২০২২ খ্রিঃ

সভার সময়ঃ বিকাল ৩.৩০ ঘটিকা।

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য ভবন, বরিশাল।

সভাপতিঃ জনাব আনিছুর রহমান তালুকদার, বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	মুহাম্মদ নাসির উদ্দীন	সহকারী পরিচালক	
২	মো: হাবিবুর রহমান	স্টেনোগ্রাফার কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	
৩	মো: জহিরুল ইসলাম	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	


১২/৭/২২
আনিছুর রহমান তালুকদার
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।